কুষ্টিয়ার বারুইপাড়া ইউনিয়নে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি জামাতের হরতাল অবরোধ ও নৈরাজ্যের বিরুদ্ধে মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মশান বাজারে এই শান্তি সমাবেশে প্রধান বক্তার বক্তব্যে দেশসেরা উপজেলা পরিষদের চেয়ারম্যান, মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের স্বতন্ত্র প্রার্থী জননেতা কামারুল আরেফীন বলেন, ১৯৭৩ সালের পরে এ আসনে কোন আওয়ামী লীগের এমপি ছিলোনা। যেখানে পাশের সংসদীয় আসনে বড় বড় মেগা প্রজেক্ট বাস্তবায়িত হচ্ছে, সেখানে হাসানুল হক ইনু এমপি নির্বাচিত হয়ে বিগত ১৫ বছরে তেমন কোন উন্নয়নমুলক কাজ করেননি, সংসদেও তেমন কোন উন্নয়নের কথা বলেননি। মিরপুর-ভেড়ামারাবাসী চিরকালই উন্নয়ন বঞ্চিত হয়েছে। তবে আমি যদি এমপি নির্বাচিত হই, তাহলে আমি মিরপুরে একটি কৃষি ইন্সটিটিউট অথবা কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তুলবো।

মিরপুর-ভেড়ামারাবাসীর জন্য কিছু করতে চাই উল্লেখ করে তিনি বলেন, বিগত সময়ে এলাকার জনগন ভোট দিয়ে আমাকে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত করেছিলো। নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। আগামী দিনেও এলাকার মানুষের জন্য কাজ করবো।

কামারুল আরেফিন বলেন, বিএনপির নেতাকর্মীরা দেশে ভীতিকর পরিবেশ তৈরি করে জনগণের জান-মালের ক্ষতি করছে। তাদের সকল অপশক্তি প্রতিহত করতে শান্তি সমাবেশ অব্যাহত থাকবে। দেশের উন্নয়নে বাধা দিতে আসলে জনসাধারণ নির্বিঘ্নে জীবনযাপনের স্বার্থে তা কঠোর হাতে প্রতিহত করবে। এলাকায় শান্তি প্রতিষ্ঠার জন্য যা করার দরকার তাই করতে চাই। সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিতে রাজপথে নেমেছি, আছি, থাকবো ইনশাআল্লাহ।

শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মিরপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাড. আব্দুল হালিম বলেন, ধার করা মাঝিকে না দিয়ে প্রকৃত নৌকার মাঝিকে ভোট দিয়ে সংসদে পাঠাবো। ২০০৮ সালের আগে

ইনু সাহেব তিন বার এম নির্বাচন করেছিলেন। কিন্তু এমপি হতে পারে নি। পরে তিনি নৌকায় উঠে এমপি হয়েছিলেন। সংসদে মিরপুর-ভেড়ামারার কথা বলেন নি তিনি। এ আসনের উন্নয়ন করতে ব্যার্থ হয়েছে। তিনি বলেন, শান্তির লক্ষ্যে আমরা এই শান্তি সমাবেশ করছি। বারবার ঘুগু তুমি খেয়ে যাও ধান। সেটি আর এবার হতে দেওয়া হবে না। আমরা স্বতন্ত্র প্রার্থী হিসেবে কামারুল আরেফিন কে ভোট দিয়ে সংসদে পাঠাবো।

তিনি বলেন, নৌকার মাঝি জনগণ। সুতরাং জাসদ সভাপতি হয়ে এখনো আপনি নৌকায় উঠে এমপি হতে চান। আপনি তো সুবিধা নেন আওয়ামী লীগ থেকে। আগামী ৭ তারিখে জনগণের ভোটের মাধ্যমে রায় দেবে আপনি কোন সে জাতীয় নেতা।

বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টুর সভাপতিত্বে এবং সাধারন সম্পাদক মোমিনুল হক মোমিনের পরিচালনায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের উপ-কমিটির সদস্য ও বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সুরঞ্জন ঘোষ, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রুহুল আলম হোসেন, প্রচার সম্পাদক বিএম জুবায়ের রিগ্যান, দপ্তর সম্পাদক রাশেদুজ্জামান ছন্দ, চিথলিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান এনামুল হক বাবলু, যুগ্ম-সাধারণ সম্পাদক সোহেল রানা,মিরপুর উপজেলা ছাত্র লীগের সভাপতি আসলাম আরেফিনসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীবৃন্দ।

জনপ্রতিনিধিদের নিয়ে কাজ করবো-নবনির্বাচিত জেলা পরিষদ চেয়ারম্যান

মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম বলেন, জেলার উন্নয়নে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সকল জনপ্রতিনিধিদের সাথে নিয়ে কাজ করবো।

শুক্রবার রাতে গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন আব্দুস সালামকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করার সময় এসব কথা বলেন তিনি।

মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, কাথুলি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ধানখোলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, সাহারবাটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মশিউর রহমান ও গাংনী উপজেলা মহিলা ভাইন চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান ও মেম্বরদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে নবনির্বাচিত জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম আরো বলেন, আপনারা আমাকে এই সম্মানিত পদে বসিয়েছেন। আমি জনগনের সেবা করতে চাই। জেলার সকল ধরনের উন্নয়নে আপনারা আমার শরীক হিসেবেই থাকবেন।

গাংনীর ধানখোলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মশিউর রহমানের ইন্তেকাল

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জামাত নেতা মশিউর রহমান সাবান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১০ টার দিকে ঢাকা সাভারের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ: নিশ্বাস ত্যাগ করেন। এর আগে তিনি হৃদরোগে আক্রান্ত হলে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। তিনি স্ত্রী, এক পুত্র ও দুই কন্যাসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। তিনি দীর্ঘদিন সাভারে পরিবার নিয়ে বসবাস করতেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, শুক্রবার তার মরদেহ নিজ বাড়ি গাংনী উপজেলার শানঘাটে নিয়ে আসা হবে। বাদ জুম্মা জানাযা শেষে গ্রাম্য কবরস্থানে দাফন করা হবে।

বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসলামকে দল থেকে বহিষ্কার

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক আসলাম হোসেনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

গত সোমবার চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জামান শরীফ স্বাক্ষরিক এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ন শাখার নির্বাচিত সাধারণ সম্পাদক মোঃ আসলাম হোসেনকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিজ পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

একই সাথে মো. আব্দুর রহিম বাদশাকে বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়েছে। এখন থেকে তিনি সাধারণ সম্পাদক হিসেবে বিএনপির সকল দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য মো. আসলাম হোসেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক থাকা অবস্থায় গত ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের পুষ্পস্তবক অর্পণ করেন। দল পর্যায়ের নেতাকর্মীরা তার শাস্তিমূলক ব্যবস্থার দাবি জানান।

তারই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জাম শরীফ এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সমন্বয় সভা

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে মটমুড়া ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এর সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে’।

মটমুড়া ইউনিয়ন পরিষদ হলরুমে ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম ও ইউনিয়ন পরিষদের উদ্যোগে সমন্বয় সভা শুরু হয়। সভা শুরুতে ইউনিয়নের গ্রাম উন্নয়ন দলের সদস্যগন তাদের গ্রাম পর্যায়ে নানামুখী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন। কাজ করতে গিয়ে যে সকল চ্যালেঞ্জের মুখোমুখি হন তা ইউ,পি চেয়ারম্যানের কাছে উপস্থাপন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ বলেন, গ্রাম উন্নয়ন দলের সদস্যগন নিয়মিত তাদের গ্রামের সামাজিক সমস্যা সমাধানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করে চলেছেন।

যারা এই মহৎ কাজের সাথে জড়িত তাদের আমি অভিনন্দন জানাই। গ্রামের যে কোন সমস্যা সমাধানে গ্রাম উন্নয়ন দলের সদস্যগনকে এই ইউনিয়নের পক্ষ থেকে সহযোগিতার প্রত্যাশাও ব্যক্ত করেন।

মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এর সভাপতি হাসান আলীর সভাপতিত্ব অনুষ্ঠিতসমন্বয় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ‘দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী উপজেলার সমন্বয়কারী হেলাল উদ্দিন, চরগোয়ালগ্রাম গ্রাম উন্নয়ন দলের সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক আসাদুজ্জামান বানাত ও বাওট বাধাগ্রস্ত শিশু বিদ্যালয় এর প্রধান শিক্ষক ইনামুল হক।

এসময় সকল ইউ,পি সদস্য সহ, ইউনিয়নের বিভিন্ন গ্রাম উন্নয়ন দলের সভাপতি, সেক্রেটারি ও সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কারিগরি সহযোগিতা প্রদান করেন ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

# ইউপি চেয়ারম্যান মতিনের ক্ষমতার দাপট ?

সড়ক দূর্ঘটনা ঘটিয়েও আহতকে চিকিৎসার ব্যবস্থা না করেই ক্ষমতার দাপটে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেল তুলে নিয়ে গেলেন ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

দাপুটে এই মতিউর রহমান মতিন মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

জানা গেছে , মেহেরপুর শহরের মফিজুল ইসলামের ছেলে মিলন হোসেন ও শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন প্রাইভেট কারে যার নং ঢকা মেট্রো -গ- ২৮-৮৬৪৮ ) যোগে মেহেরপুর থেকে কুষ্টিয়া যাচ্ছিলেন। আর বেপরোয়া গতিতে প্রাইভেট কারটি চালাচ্ছিলেন নাহিদ হোসেন।

এসময় গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে রাজা মিয়া ও তার অপর বন্ধু মিলে মেহেরপুরে যাচ্ছিলেন।

গাংনী বনবিভাগের সামনে একটি ইজিবাইক ওভারটেক করার সময় প্রাইভেট কারটি এসে মোটরসাইকেলটিকে স্বজোরে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয় মোটরাসাইকেল চালক রাজা মিয়া।

আহত রাজাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্র থেকে আজ মঙ্গলবার (২৩ আগষ্ট ) দুপুরের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত রাজার দুলাভাই গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষক আবু হোসেন বলেন , রাজার ডান পা ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্র থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

গতকাল সোমবার (২২ আগষ্ট ) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকায় প্রাইভেট কারের সাথে মোটরসাইকেলের এই দুর্ঘটনা ঘটে।

আহত রাজা বলেন, মোটরসাইকেল যোগে মেহেরপুর যাওয়ার পথে গাংনী বনবিভাগের সামনে একটি ব্যটারী চালিত ইজিবাইককে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা দ্রæতগামী প্রাইভেট কার আমাদের এসে ধাক্কা দিলে রাস্তার পাশে ছিটকে পড়ি।

এসময় আমাকে স্থানীয়রা তুলে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করছিল। ওই প্রাইভেট কারের ভিতরে থাকা যাত্রীরা আমাকে কোনো ধরণের সহযোগীতা না দিয়ে আমার গাড়িটি ছিনিয়ে নিয়ে চলে যায়। এসময় কিছু মানুষ তাকে বাধা দিলেও জোর করে গাড়ি ছিনিয়ে নিয়ে চলে যায়।

শিক্ষক আবু হোসেন বলেন, দুর্ঘটনায় আমার শ্যালক রাজা মিয়া মারাত্বক আহত হলেও তাকে চিকিৎসার ব্যবস্থা না করেই জোর করে মোটরাসাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যায় এই চেয়ারম্যান।

প্রত্যক্ষদর্শি সাগর ও জামান হোসেন জানান, প্রাইভেট কারটির গতি বেপরোয়া থাকলেও ভিতরে থাকা যাত্রী নিজেকে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিচয় দিয়ে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি নিয়ে চলে যায়। আমরা বাঁধা দিলে সে নিজেকে চেয়ারম্যান ও মন্ত্রীর পরিচয় দিয়ে আমাদের ভয়ভীতি দেখায়।

এঘটনায় চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, মোটরসাইকেল আরোহীরা ছিল মাদকাসক্ত। তারা বেপরোয়া গতিতে এসে আমাদের প্রাইভেট কারের সামনের অংশ ভেঙ্গে দিয়েছে। এখানে প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তাই মোটরসাইকেল নিয়ে এসে আমার ইউনিয়ন পরিষদে রেখে দিয়েছি।ইউনিয়ন পরিষদের বসেই তাদের বিচার হবে। প্রাইভেট কার মেরামতের ২ লক্ষ টাকা জরিমানা নিয়ে তারপর গাড়ি দেওয়া হবে। আহতকে চিকিৎসার ব্যবস্থা না করে মোটরসাইকেল তুলে নিয়ে আসলেন কেনো এমন প্রশ্নের জবাব দেননি চেয়ারম্যান মতিন।

এঘটনায় আহত রাজা বাদি হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছে। অভিযোগপত্রটি পাওয়ার পরে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ চেয়ারম্যান মতিনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি নিজেকে মন্ত্রীর লোক পরিচয় দিয়ে বলেন, ওদেরকে আমার ইউনিয়ন পরিষদে পাঠিয়ে দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি আমার কানে আসার পর আমি খোঁজ খবর নিয়েছি। বিষয়টি মিমাংসার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

পুনরায় আকিব সভাপতি, বাবু সাধারণ সম্পাদক নির্বাচিত

মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি (দাহ পদার্থ ব্যতীত) শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনে পুনরায় এসএম আকিব সভাপতি, হাফিজুল ইসলাম কার্যকরী সভাপতি ও কুতুব উদ্দীন বাবু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি (দাহ পদার্থ ব্যতীত) শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনের নির্বাচন কমিশনার রাহিনুর জামান পলেন, এমদাদুল হক স্বপন ও আশাদুল ইসলাম এই ফলাফল ঘোষণা করেন।

নির্বাচনে এসএম আকিব মোমবাতি প্রতিকে ৭৩১ ভোট পেয়ে পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নিজাবুল ইসলাম রকেট টেলিভিশন প্রতীকে পেয়েছেন ৫৩০ ভোট।

কার্যকরী সভাপতি পদে হাফিজুলে ইসলাম ট্রাক প্রতীকে ৫৯৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বাহাদুর খান ডাব প্রতীকে পেয়েছেন ৪৬০ ভোট।

সহসভাপতি পদে মিয়ারুল ইসলাম খান মই প্রতীকে ৬৭০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মাসুদুজ্জামান হরিণ প্রতীকে পেয়েছেন ৩৮৩ ভোট।

কুতুব উদ্দীন বাবু বাঘ প্রতীকে ৭৬৪ ভোট পেয়ে পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শাহাজান আলী আনারস প্রতীকে পেয়েছেন ৪৬৫ ভোট।

জাহিদুল ইসলাম জুয়েল মাছ প্রতীকে ৮২৯ ভোট পেয়ে সহ সধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাইদুল রহমান হাতুড়ি প্রতীকে পেয়েছেন ২৩৮ ভোট।

মিয়াজান আলী তালা প্রতীকে ৮১৪ ভোট পেয়ে সাংগাঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আক্তারুল ইসলাম

তরবারী প্রতীকে পেয়েছেন ২৫৭ ভোট।

শহিদুল ইসলাম সেলাই রেঞ্জ প্রতীকে ৫৪৯ ভোট পেয়ে প্রচার সম্পাদক নির্বাচিত হয়েছেন।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মানিক হোসেন মাইক প্রতীকে পেয়েছেন ৪৫০ ভোট।

আলামিন হোসেন টায়ার প্রতীকে ৭৬৮ ভোট পেয়ে লাইন সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মোটরসাইকেল প্রতীকে পেয়েছেন ৩২৪ ভোট।

কামাল শেখ রিংকু ফুটবল প্রতীকে ৬৮৪ ভোট পেয়ে কোষাধ্যক্ষ নিরবাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সোহেল রানা চেয়ার প্রতীকে পেয়েছেন ৪২৬ ভোট।

কাবেল আলী দোয়াত কলম প্রতীকে ৫৩২ ভোট পেয়ে কার্যকরী সদস্য নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মন্টু আলী আম প্রতীকে পেয়েছেন ৪৫৩ ভোট।

শনিবার সকাল ৮ টায় ভোটদান শুরু হয়েছে বিকাল বিকাল ৫ টা পর্যন্ত ভোট দান চলে।

মোট ১১ টি পদের বিপরীতে ২ টি প্যানেল থেকে ২২ জনসহ মোট ২৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। নির্বাচন কমিশনার রাহিনুর জামান পলেন বলেন, উৎসবমুখর পরিবেশে শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ চলছে।এখনও কোনো অপ্রতিকর ঘটনা ঘটেনি। শ্রমিক ইউনিয়নের ভোট হলেও নিরাপত্তার স্বার্থে বাইরে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়।

নবগঠিত বারাদী ইউনিয়নে ভোট কাল, মুখিয়ে আছে ভোটাররা

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়ন পরিষদের নির্বাচনে প্রার্থীদের প্রচার-প্রচারণার শেষ। এখন শুধু অপেক্ষার পালা। কে আসছেন জনপ্রতিনিধি। সকলের মাঝে উচ্ছাস বইছে তবে উৎকন্ঠাও আছে।

কারন, নির্বাচনের শুরুতেই এখানে ঝরেছে রক্ত।

রাজনগর, জুগিন্দা, হাসনাবাদ, বরশি বাড়িয়া, বারাদি,মোমিনপুর, কলাইডাঙ্গা, পাটকেল পোতা, পাটাপুকা, চাঁদপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, নতুন দরবেশপুর ও শিমুলতলা গ্রাম নিয়ে গঠিত বারাদি ইউনিয়ন।

আর মাত্র কয়েক ঘন্টার অপেক্ষা। প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে নবগঠিত বারাদি ইউনিয়নের নির্বাচন। পিরোজপুর ইউনিয়ন কে ভেঙে বাড়াদি ইউনিয়ন করা হয়েছে। স্বাভাবিক কারণে নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে।

নবগঠিত বাড়াদি ইউনিয়নে প্রথমবারের মতো নির্বাচন হওয়ায় সাধারণ ভোটারদের মধ্যে উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

প্রথমবারের মতো অনুষ্ঠিত বারাদি ইউনিয়নের প্রথম চেয়ারম্যান, মেম্বার এবং সংরক্ষিত মহিলা মেম্বার হওয়ার লক্ষ্যে প্রার্থীরা উঠে পড়ে লেগেছে।

নবগঠিত বারাদি ইউনিয়নে মোট ভোটার ১৯ হাজার ১৫০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৯ হাজার ৬০৪ জন এবং মহিলা ভোটার ৯ হাজার ৫৪৬ জন।

এই ইউনিয়নে চেয়ারম্যান পদে ৬ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত মোমিনুল ইসলাম( নৌকা), আরমান আলী (ঘোড়া), হাসিবুল হাসান বাবু (চশমা), নুরু উস সাফা (মশাল), নুর ইসলাম (রজনীগন্ধা), সালে আল আজিজ টনিক (আনারস)।

সংরক্ষিত সদস্য পদে ১ নং ওয়ার্ডে পুষ্পরানি (মাইক), সালমা (তালগাছ) , বিউটি (হেলিকপ্টার), শাহিনা (সূর্যমুখী ফুল) ,পারভীনা (বক)। ২ নং ওয়ার্ডে সাগরিকা (বক) , আজমিরা(মাইক) বুলবুলি (কলম), নুরজাহান (তালগাছ), ৩ নং ওয়ার্ডে ফারজানা (বক), শাহনাজ খাতুন (হেলিকপ্টার), খাদিজা আক্তার (মাইক), শামসুন্নাহার (তালগাছ) প্রতীক ভোট করছেন ।

সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ডে মুক্তি (ফুটবল), মোস্তাফিজুর (টিউবওয়েল), খাকছার (বৈদ্যুতিক পাখা), কাসেদ (মোরগ), আসাদুল (তালা, ২ নং ওয়ার্ডে ইমাম-উল-হক (মোরগ), আব্দুস সালাম (তালা), আশরাফুজ্জামান (ভ্যানগাড়ি), মোখলেসুর রহমান (বৈদ্যুতিকপাখা), শফি মীর (ফুটবল), শাহিন আলী (টিউবওয়েল), ৩ নং ওয়ার্ডে রিপন

(ক্রিকেটব্যাট), তারিকুল (মোরগ), আকরাম হোসেন (তালা), রবিউজ্জামান বাবু (ফুটবল), শরিফুল ইসলাম (টিউবওয়েল), ৪নং ওয়ার্ডে রিপন (ফুটবল), স্বাধীন (তালা), মুর্শিদকুলি মেঘা (মোরগ), ৫ নং ওয়ার্ডে সাইফুল (বৈদ্যুতিক পাখা), তাহাজ উদ্দিন (মোরগ), বেলাল উদ্দিন (তালা), কামরুজ্জামান (টিউবওয়েল), নজরুল ইসলাম (ফুটবল), ৬ নং ওয়ার্ডে জাহাঙ্গীর (মোরগ), শফিকুর রহমান (তালা),শাকমান মোল্লা(ফুটবল) । ৭ নং ওয়ার্ডে মিজানুর রহমান (বৈদ্যুতিক পাখা) , রফিকুল ইসলাম (ফুটবল) , রেজাউল (টিউবওয়েল) , কামাল (মোরগ), ইয়াদ শেখ (তালা), ৮ নং ওয়ার্ডে সাইদুর (ভ্যান গাড়ি), শফিকুল (তালা), সোহাগ (বৈদ্যুতিকপাখা), জয়নাল (মোরগ), সিদ্দিক আজিজ বাবলু (ঘুড়ি), জাকির হোসেন (ফুটবল), হাফিজুর (টিউবওয়েল), ৯ নং ওয়ার্ডে এমদাদুল (তালা), জাহাঙ্গীর হোসেন (ফুটবল), দেলোয়ার (মোরগ) ও সুলতান আলী (টিউবওয়েল)।

মেহেরপুরের ৯ ইউনিয়নে ভোট গ্রহণ শুরু

মেহেরপুরের দুটি উপজেলায় মোট ৯টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে ভোট গ্রহন শুরু হয়েছে। দ্বিতীয় ধাপে ইউপি নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয় আজ বৃহস্পতিবার (১১নভেম্বর) সকল ৮ টায়। ভোট গ্রহণ চলবে বিকাল ৪ টা পর্যন্ত।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনসার জানায়, মুজিবনগর উপজেলার ৪ টি ও গাংনী উপজেলায় ৫টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে শুরু হয়েছে। সে অনুযায়ি প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নিয়োগ করা হয়েছে।

দুটি উপজেলায় চেয়াম্যান পদে প্রতিদ্বন্দীতা করছেন ৫১ জন, সাধারণ সদস্য (পুরুষ) পদে ৩শ ৩৩ জন, সংরক্ষিত সদস্য(নারী) পদে ৯৯জন।

মুজিবনগর উপজেলার মোট ৪০টি ভোট কেন্দ্রে বুথ করা েহেয়ছে ২৪০

টি। চারটি ইউনিয়নে পুরুষ ৩৯ হাজার ৯১৩জন এবং মহিলা ভোটার রয়েছে ৪০ হাজার ৫৪২জন।

গাংনী উপজেলার ৫টি ইউনিয়নে কেন্দ্র ভোট কেন্দ্র হয়েছে ৪৭টি। মোট ৩৪৬ বুথের মধ্যে স্থায়ী-৩২৭,অস্থায়ী বুথ ১৯টি। ৫টি ইউনিয়নের মোট ভোটার সংখ্যা ১ লাখ ১৮ হাজার৭২৫জন। এদের মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ৫৮ হাজার ৮৯৫ এবং নারী ভোটার সংখ্যা ৫৯ হাজার ৮২৯জন। প্রতিকেদ্◌্◌ের পুলিশ চারজন,আনসান ১৭জন এবং প্রতি ইউনিয়নে একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযোজিত রয়েছেন। স্থানীয় ভোটাররা জানান, তারা সুষ্ঠ্যভাবে তাদেও পছন্দেও প্রার্থীদেও ভোট প্রদান করতে পেরেছেন।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার অপু সারোয়ার বলেন, সুন্দও ও সুষ্ঠ্য পরিবেশে ভোট শুরু হয়েছে। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচন হচ্ছে। ভোটারদেও নিরাপত্তায় আইনশৃংখলা বাহিনী মাঠে কাজ করছে।

শৈলকুপায় আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার: আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানের বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। এসময় আটক করা হয়েছে ২ কারিগরকে।

শৈলকুপা উপজেলার ১০নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের বগুড়া গ্রামের বাড়ি থেকে গতকাল এসব উদ্ধার করা হয়। উদ্ধার করা দেশীয় অস্ত্রের মধ্যে রয়েছে ৪৭টি সড়কি, ১৯টি ঢাল ও ১১/১৩ কেজি বেতসহ এসব তৈরির অন্যান্য সরঞ্জাম।

এলাকাবাসী ও পুলিশ জানিয়েছে, শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে প্রায়শ্বই দেশীয় অস্ত্র ঢাল-সড়কি, তরবারি নিয়ে হানাহানি ও